মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর

প্রাপ্তি নং
তারিখঃ

☐ পরিচালক
☐ প্রকল্প পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক

............... তারিখের মধ্যে
মতামত দিবেন/আলাপ করুন।

মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-৪ সমন্বয়
www.shed.gov.bd.

নং-৩৭.০০.০০০০.০৬৫.৩২.০০৩.১৬ (অংশ-১)-১১৩

তারিখ: ০১ চৈত্র, ১৪২৪
১৫ মার্চ, ২০১৮

বিষয় : বর্ণাঢ্য শোভাযাত্রা উৎসবমুখর করা ও অন্যান্য অনুষ্ঠান আয়োজন।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের আধা-সরকারি পত্র নং-০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬-১০৬, তারিখ:২৮ ফেব্রুয়ারি, ২০১৮

গত ০৪ মার্চ, ২০১৮ তারিখ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর সচিব মো: সোহরাব হোসাইন এঁর সভাপতিত্বে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভা এবং সূত্রোক্ত খ স্মারকের আলোকে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**ঢাকা মহানগরীর ক্ষেত্রে:**

১.ক স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে ঢাকা মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠানগুলো আগামী ২২ মার্চ, ২০১৮ তারিখ সকাল ১১.০০ মিনিট ছাত্র-শিক্ষক প্রতিষ্ঠানের সামনে সমবেতভাবে দাঁড়িয়ে শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়ন এবং সাফল্যের তথ্যাবলি সম্বলিত (সংযুক্ত) ফেস্টুন/প্ল্যাকার্ড নিয়ে সারিবদ্ধভাবে ৩০ (ত্রিশ) মিনিট অবস্থান করবে;

খ একই তারিখে (২২ মার্চ, ২০১৮) সকাল ১১.৩০ মিনিট স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্যের বিষয়ে শিক্ষার্থী-অভিভাবকসহ আলোচনা অনুষ্ঠান, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা ও রচনা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

গ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের সমন্বয়ে কমিটি গঠন করে ১.ক ও খ সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।

**বিভাগ, জেলা ও উপজেলার ক্ষেত্রে:**

২.ক স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপনের লক্ষ্যে সারা দেশে ছাত্র, শিক্ষক, অভিভাবকদের নিয়ে আনন্দ শোভাযাত্রা, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা ও রচনা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং শিক্ষার্থী-অভিভাবকসহ আলোচনা অনুষ্ঠান করতে হবে;

খ শিক্ষা প্রতিষ্ঠানের শোভাযাত্রাসহ অন্যান্য সকল অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করতে হবে।

০৩. দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সামনে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণ সংক্রান্ত তথ্যাদি (সরবরাহকৃত) ৮ ফুট × ৫ ফুট বোর্ডে উপস্থাপন করতে হবে।

০৪. শোভাযাত্রায় ব্যবহারের জন্য প্ল্যাকার্ড ও ফেস্টুনের এবং বোর্ডে উপস্থাপনের তথ্যাদির সফট কপি ই-মেইলে এবং এই লিংকে
(https://drive.google.com/drive/folders/11efl3-6w3aOBfsVJqMwpWY8J4bTuq1Nh) পাওয়া যাবে।

০৫. বর্ণিতাবস্থায়, স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য অর্জনের সকল অনুষ্ঠান সফলভাবে আয়োজন ও উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ সারওয়ার হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ই-মেইল : sas_s4@moedu.gov.bd

মোঃ আহাদ আলী
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাগাতিপাড়া নাটোর

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.১০১

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৪
২৮ ফেব্রুয়ারি ২০১৮

প্রিয় সহকর্মী,

আনন্দের সঙ্গে জানাচ্ছি যে নিম্ন-আয়ের দেশ থেকে নিম্নমধ্য আয়ের দেশে উত্তরণে জাতিসংঘের নির্ধারিত শর্তাবলি বাংলাদেশ ইতোমধ্যে অর্জন করেছে। মার্চ ২০১৮ মাসেই আমরা জাতিসংঘের এ স্বীকৃতি লাভ করব বলে আশা করছি।'নিম্ন-আয়ের' দেশ থেকে 'নিম্নমধ্য আয়ের' দেশে উত্তরণ স্বাধীনতা-উত্তরকালে বাংলাদেশের উন্নয়নের ইতিহাসে একটি অন্যতম অর্জন। সরকার বর্ণিল আয়োজনের মাধ্যমে অনবদ্য এই অর্জনকে আগামী ২০ মার্চ থেকে সপ্তাহব্যাপী সারাদেশে উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বাংলাদেশ ১৯৭৫ সালে জাতিসংঘের নিম্ন-আয় শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়। প্রতিষ্ঠাকালে উক্ত শ্রেণির সদস্য সংখ্যা ২৫ থাকলেও বর্তমান সংখ্যা ৪৭। অদ্যাবধি পাঁচটি দেশ অর্থাৎ বাতসোয়ানা (১৯৯৪), কেপভর্দ (২০০৭), মালদ্বীপ (২০১১), সামোয়া (২০১৪) ওইকুয়েটোরিয়াল গিনি (২০১৭)স্বল্পোন্নত দেশের (এলডিসি) পদমর্যাদাথেকে উত্তরণের (graduation)সক্ষমতা লাভ করেছে। ২০১৮ সালে সুপারিশ লাভের সম্ভাব্য তিনটি দেশের অন্যতম হলো বাংলাদেশ। বাংলাদেশই এখন পর্যন্ত একমাত্র দেশ যে তিনটি নির্ণায়ক একসঙ্গে পূরণ করে উত্তরণের যোগ্যতা অর্জন করতে যাচ্ছে। উল্লেখ্য,তিনটি নির্ণায়কের যেকোনো দু'টির উত্তরণ-মান অর্জন করলে, কিংবা মাথাপিছু জিএনআই উত্তরণ-মানের দ্বিগুণ হলেই এই স্বীকৃতি পাওয়া যায়। জাতিসংঘের নির্ধারিত তিনটি পূর্বশর্ত ও বাংলাদেশের অর্জনের তুলনামূলক বিবরণী নিচের ছকে দেওয়া হলো:

| ক্রম | নির্ণায়ক | উত্তরণের মান ২০১৮ | সিডিপি | বিবিএস |
|---|---|---|---|---|
| ১. | GNI Per Capita | ১,২৩০ ইউএসডি বা তার বেশি (গত তিন বছরের গড়) | ১,২৭২ ইউএসডি | ১,২৭১ ইউএসডি |
| ২. | Human Asset Index | ৬৬ বা তার বেশি | ৭২.৮ | ৭২.৯ |
| ৩. | Economic Vulnerability Index | ৩২ বা তার কম | ২৫.০ | ২৪.৮ |

দারিদ্র্যের দুষ্টচক্র, কর্মহীনতা, দুর্যোগের রক্তচক্ষুকে পদদলিত করে অতুলনীয় এই অর্জন বিশ্ববাসীর নিকট এক বিস্ময়। বাঙালিকে কেউ 'দাবায়া রাখতে পারবা না' জাতির পিতার সেই অগ্নিঝরা প্রত্যয়-এর প্রকৃষ্ট উদাহরণ। স্মরণীয় এই অর্জন দেশব্যাপী বর্ণিল আয়োজনের মাধ্যমে উদ্‌যাপনের জন্য ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে (কর্মসূচি সংযুক্ত)। এই উদ্‌যাপনের অংশ হিসেবে সারা দেশব্যাপী ২০-২৫ মার্চ, ২০১৮ প্রচারাভিযান ও সেবা সপ্তাহ পালিত হবে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মসূচি ও সেবা নাগরিকদের দোরগোড়ায় পৌঁছে দিতে ও কর্মসূচি সফল করতে আপনি ও আপনার সহকর্মীদের সহযোগিতা একান্তভাবে প্রত্যাশা করছি। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষাপ্রতিষ্ঠান এবং অন্যান্য সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণের মাধ্যমে সকল কর্মসূচির নান্দনিক, আকর্ষণীয় ও সাড়ম্বর উদ্‌যাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণেরজন্য অনুরোধ করছি।

আপনার গতিশীল নেতৃত্ব, সামগ্রিক সমন্বয় এবং সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে উক্ত কর্মসূচি সাফল্যের সঙ্গে উদ্‌যাপিত হবে বলে আমি বিশ্বাস করি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

২৮.০২.১৮
(মোহাম্মদ শফিউল আলম)

বেগম শাহিনা খাতুন
জেলা প্রশাসক, নাটোর।

মোঃ আহাদ আলী
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাগাতিপাড়া নাটোর।